## পরিবেশগত চর্চাসমূহঃ

### "এসইপি" এর আওতায় অঙ্গীকারকৃত ক্ষুদ্র উদ্যোগের পরিবেশের উন্নয়নের প্র্যাকটিস সমূহঃ

| | |
|---|---|
| **প্র্যাকটিস** | এসইপি প্রকল্পের আওতায় ক্ষুদ্র উদ্যোগের জন্য প্রস্তুতকৃত অঙ্গীকারনামা উল্লিখিত পরিবেশের উন্নয়নে বাস্তবায়িত কর্মকান্ডকে প্র্যাকটিস হিসেবে গণ্য করা হবে। যেমন: শব্দ দূষণ রোধে ভিন্ন ভিন্ন কর্মকান্ড সমুহের সমন্বয়ে একটি প্র্যাকটিস হিসেবে গণ্য হবে। আবশ্যকরণীয় প্যাকটিস সমূহকে রিসোর্স এফিসিয়েন্ট, পরিবেশ দুষণ (মাটি, পানি, শব্দ, বায়ু) রোধ ও জলবায়ু সহিষ্ণু হতে হবে। |
| **প্র্যাকটিস (১-২০)** | **প্র্যাকটিস সমুহের বিবরণ** |
| **প্র্যাকটিস -১** | কর্মক্ষেত্রে কর্মী ও শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষার জন্য গৃহীত পদক্ষেপ সমুহ। যেমন: বিভিন্ন বর্জ্য পোল্ট্রি লিটার, গোবর, ক্ষতিকর উপাদান (রং, কেমিক্যাল, এসিড), গন্ধ, তাপ ও অগ্নি শিখা ইত্যাদির কারণে স্বাস্থ্যগত ক্ষতি না হয় সেজন্য হাতে গ্লোভস্ (হাত মোজা), মাস্ক (মুখোশ), এপ্রোন, ও চশমা (সেফটি গ্লাস) ব্যবহার নিশ্চিত করা। অথবা বিভিন্ন সংক্রামক ব্যাধি থেকে উদ্যোগে কর্মরতদের সুরক্ষা করা। |
| **প্র্যাকটিস -২** | প্রথিমিক চিকিৎসা সেবা নিশ্চিতকরার জন্য গৃহীত পদক্ষেপ। প্রাথমিক স্বাস্থ্য চিকিৎসার জন্য ফাস্ট এইড বক্স এর ব্যবস্থা করা। |
| **প্র্যাকটিস -৩** | অগ্নি নিরাপত্তামূলক ব্যবস্থা (মাটি, বালি ও পানি) সমুহের আয়োজন করা। |
| **প্র্যাকটিস -৪** | কর্মীদের মুখ, হাত ও পা ধোয়ার জন্য পরিষ্কার পানির ব্যবস্থা করা। কর্মীদের জন্য স্বাস্থ্যকর টয়লেট এবং নিরাপদ পানীয় জলের ব্যবস্থা করা । |
| **প্র্যাকটিস -৫** | কর্মক্ষেত্রে ও প্রাণীর শেডে আলো-বাতাস চলাচলের ব্যবস্থা করা । যেমন: লাইট ও ফ্যান বসানো, জানালা অথবা ভেন্টিলেশনের ব্যবস্থা করা। |
| **প্র্যাকটিস -৬** | বিদ্যুৎ সাশ্রয় ও পর্যাপ্ত আলোর জন্য শেডের ছাদে ট্রান্সপারেন্ট চাল ব্যবহার করা। শেডের ছাদে তাপ নিরোধক (ইনসুলেটর) ব্যবহার করা হয়। |
| **প্র্যাকটিস -৭** | কর্মক্ষেত্রে কর্মীদের মাথার উপরের স্থানে ভারী কোন বস্তুর মজুদ থাকলে তা অপসারণ করা। |
| **প্র্যাকটিস -৮** | শ্রমিকদের/ কর্মীদের বিশ্রাম ও খাবার গ্রহনের জন্য আলাদা জায়গার ব্যবস্থা করা। |
| **প্র্যাকটিস -৯** | উদ্যোগে নবায়নযোগ্য জ্বালানী হিসেবে সোলার প্যানেল ব্যবহার করা। |
| **প্র্যাকটিস -১০** | উদ্যোগে পানি দূষণ রোধে গৃহীত কর্মকান্ডসমূহ। যেমন: শেডের চারদিকের ড্রেন পরিস্কার ও নালার উন্নয়ন করা। পানি গড়িয়ে পড়ার জন্য পোল্ট্রি শেডের মেঝে ঢালু (স্লান্টিং) করা। প্রাণীদের আবাসস্থল/শেড পরিস্কারের জন্য ড্রেনের ব্যবস্থা করা। |
| **প্র্যাকটিস -১১** | নিরাপদ পণ্য উৎপাদন, সংরক্ষণ, মোড়কজাতকরণ, পরিবহণ ও বাজারজাতকরণ ইত্যাদি। পণ্য উৎপাদনে ক্ষতিকর/ রোগাক্রান্ত পশুকে আলাদারাখাকেও বোঝানো হয়েছে। যেমন: গবাদিপশু থেকে উৎপাদিত পণ্যের (মাংস ও দুগ্ধ) মান ভাল হবার জন্য সবুজ ঘাস খাওয়ানো । নতুন ক্রয়কৃত সংক্রামক রোগাক্রান্ত পশু আলাদা রাখা। গুণগত ও ভালো মানের কাঁচামাল/ ইনপুট (রং, ক্যামিক্যাল ও এসিড) ব্যবহার করা। পণ্যের নিরাপত্তার জন্য কাঁচামাল ও উৎপাদিত পণ্য নিরাপদ স্থানে সংরক্ষণ করা। পণ্য উৎপাদনে জাতীয় ও আর্ন্তজাতিক স্ট্যান্ডার্ড প্রোটোকল মেনে চলা ইত্যাদি। |
| **প্র্যাকটিস -১২** | ন্যাচারাল/ অর্গানিক উপায়ে পণ্য উৎপাদন করা হবে। পরিবেশ বান্ধব পণ্য ব্যবহার (ইনপুট ও মোড়কজাতকরণে)। |
| **প্র্যাকটিস -১৩** | উদ্যোগে সৃষ্ট বায়ু দূষণ রোধে গৃহীত কর্মকান্ডসমূহ। |
| **প্র্যাকটিস -১৪** | উদ্যোগে সৃষ্ট শব্দ দূষণ রোধে গৃহীত কর্মকান্ডসমূহ। |
| **প্র্যাকটিস -১৫** | উদ্যোগে সৃষ্ট বর্জ্য ব্যবস্থাপনায় গৃহীত কর্মকান্ডসমূহ। যেমন বর্জ্য (জৈব বর্জ্য) থেকে কম্পোস্ট সার/বায়োগ্যাস, পুনঃব্যবহারযোগ্য পণ্য উৎপাদন, বর্জ্য ব্যবস্থাপনার জন্য পিট তৈরি ইত্যাদি। |
| **প্র্যাকটিস -১৬** | জলবায়ু পরিবর্তন রোধে উদ্যোগসমূহ। |
| **প্র্যাকটিস -১৭** | সচেতনতা নোটিশ সংক্রান্ত (শব্দ, মাটি, বায়ু ও পানি দূষণ এবং শিশুশ্রম প্রতিরোধে করণীয়; অগ্নিনির্বাপন ও প্রাথমিক চিকিৎসা ইত্যাদি সংক্রান্ত নোটিশ প্রদান করা। |
| **প্র্যাকটিস -১৮** | দক্ষতা ও সচেতনতা বৃদ্ধিমূলক কর্মকান্ড। |
| **প্র্যাকটিস -১৯** | বিবিধ (উদ্যোক্তার পণ্যের গুণগতমান বৃদ্ধি ও ব্যবসার ঝুঁকি মোকাবেলার জন্য উন্নত প্রযুক্তি/ মেশিনারিজ/ কাচাঁমাল পরিবর্তন ও পরিবর্ধনের তালিকা) |
| **প্র্যাকটিস -২০** | অন্যান্য |